
সংবাদ

তারিখ ... 11 OCT 2002

পৃঃ ৭২ ... কলাম ... ৪



বৃহস্পতিবার থেকে আগারগাঁ বিসিএস ভবনে শুরু হয়েছে কম্পিউটার মেলা —সংবাদ

# শুরু হলো ১১ দিনব্যাপী কম্পিউটার মেলা

নিজস্ব বার্তা পরিবেশক ঃ গতকাল থেকে ঢাকার শেরেবাংলা নগরের আইডিবি ভবনের বিসিএস কম্পিউটার সিটিতে শুরু হয়েছে ১১ দিনব্যাপী কম্পিউটার মেলা সিটি আইটি-২০০২।

প্রধান অতিথি হিসেবে মেলা উদ্বোধন করেন আমেরিকান চেম্বার অফ কমার্সের প্রেসিডেন্ট আফতাব উল ইসলাম।

১শ' ৭০টি কম্পিউটার হার্ডওয়্যার, সফটওয়্যার এবং ইন্টারনেট সেবা দাতা প্রতিষ্ঠান (আইএসপি) কম্পিউটার সিটির ১শ' ৪০টি স্থায়ী ও ২৮টি অস্থায়ী স্টলে অংশ নিচ্ছে।

গতকাল সকালে মেলা উদ্বোধনকালে প্রধান অতিথির বক্তব্যে আফতাব উল ইসলাম বলেন, দেশের প্রতিটি ছাত্রছাত্রীর হাতে যেদিন কম্পিউটার পৌছে দেয়া যাবে সেদিনই উদ্যোক্তাদের স্বপ্ন সার্থক হবে।

তিনি সফটওয়্যার উন্নয়নে আইটি শিক্ষার ও ইংরেজি ভাষার ওপর গুরুত্ব দেয়া উচিত বলে বক্তব্যে উল্লেখ করেন। অনুষ্ঠানে বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন মেলার প্রধান স্পন্সর কোম্পানি স্যামসাং-এর সিনিয়র ভাইস প্রেসিডেন্ট ও এশিয়া হেডকোয়ার্টারের প্রধান নির্বাহী কর্মকর্তা আইএস কিম, বাংলাদেশ কম্পিউটার সমিতির ভারপ্রাপ্ত সভাপতি এসএম ইকবাল। এছাড়াও বিসিএস কম্পিউটার সিটির প্রেসিডেন্ট আহমেদ হাসান, মেলার আহ্বায়ক আজিম উদ্দিন আহমেদসহ গণ্যমান্য ব্যক্তিবর্গ উপস্থিত ছিলেন।

মেলা ঃ পৃঃ ১১ কঃ ৪

## মেলা ঃ কাম্পউটার

( ১২-এর পৃষ্ঠার পর )

দর্শকদের কাছে এবারের মেলা আকর্ষণীয় করার জন্য বিভিন্ন কর্মসূচি নেয়া হয়েছে। মেলা অভ্যন্তরের স্থায়ী মঞ্চে প্রতিদিন ১টি করে মোট ১১টি ইভেন্ট অনুষ্ঠিত হবে। ইভেন্টের বিষয়গুলো হলো ঘরের জন্য পিসি, পিসি কেনার গাইড, ইন্টারনেট ও ওয়েব-ডেভেলপমেন্ট, অফিস ব্যবস্থাপনায় পিসি, সফটওয়্যার ও ক্যারিয়ার তৈরি, শিশুদের জন্য পিসি, তথ্যপ্রযুক্তিতে নতুন ব্যবসা, ই-কমার্স, ভিডিও সম্পাদনায় পিসি ইত্যাদি। দেশের বরেণ্য কম্পিউটার বিজ্ঞানীরা এসব ইভেন্ট পরিচালনা করবেন। এছাড়াও ক্রয়কৃত পণ্যের সঙ্গে টিভি, ফ্রিজ, প্রিন্টার, ঘড়ি ইত্যাদি গিফট দেয়া হবে। কম্পিউটার বিক্রির ওপর দেয়া হবে বিশেষ ছাড়। লাকি কুপনের মাধ্যমে আকর্ষণীয় পুরস্কার দেয়া হবে ১০ জন ক্রেতাকে। দর্শকরা যাতে মেলা চলাকালে ব্যাপক ইন্টারনেট সুবিধা পেতে পারে সেজন্য ইতোমধ্যে স্থাপন করা হয়েছে 'রেডিওলিংক'।

বাংলাদেশের মানুষ ঐতিহ্যগতভাবেই মেলা ভালবাসে বলেই কম্পিউটারের স্থায়ী বাজার থাকা সত্ত্বেও কয়েক বছর ধরেই সিটি আইটি মেলার আয়োজন করা হয়ে থাকে। বিসিএস কম্পিউটার সিটির প্রেসিডেন্ট আহমেদ হাসান কথা প্রসঙ্গে জানান, বছরে প্রায় ৩শ' কোটি টাকার কম্পিউটার বিক্রয় হয় বিসিএস কম্পিউটার সিটি থেকে।

কম্পিউটার মেলা সিটি আইটি-২০০২ ২০শে অক্টোবর পর্যন্ত সকাল ১০টা থেকে রাত ৮টা পর্যন্ত বিরামহীন চলবে।